

## COVID-19 এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা- ক্ষুদ্র ব্যবসা

### ঝুঁকিসমূহের মূল্যায়ন ও ব্যবস্থাগ্রহণ

আমরা যেভাবে জীবনযাপন ও কাজ করি COVID-19 তার ধারা বদলে দিয়েছে কিন্তু ক্ষুদ্র ব্যবসার পৃথিবী ঘুরেই চলেছে।

আপনার, আপনার স্টাফদের ও কাস্টমারদের ঝুঁকিসমূহের চিহ্নিত ও ব্যবস্থাগ্রহণ করতে, ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য COVID-19-এর কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তার মূল্যায়ন একটি আবশ্যিকীয় ধাপ।

ঝুঁকির মূল্যায়ন করতে হলে, নিজেকে জিজ্ঞেস করুনঃ

- বিপত্তিগুলো কী কী?
- এগুলো কাউকে কীভাবে ক্ষতি করতে পারে, এবং ক্ষতি করার সম্ভাবনা কতটুকু?
- ঝুঁকির তীব্রতা কতটুকু?
- ঝুঁকিটির ব্যবস্থা করার জন্য আমি কী করতে পারি?
- কীভাবে ঝুঁকিটির পুনঃমূল্যায়ন ও পর্যবেক্ষণ করা হবে, যাতে নিয়ন্ত্রণের মাপকাঠিগুলো কাজ করছে কিনা তা নিশ্চিত, এবং নতুন বিপত্তিগুলো চেক করা যায়?

ঝুঁকির ব্যবস্থাগ্রহণ চলতেই থাকবে- COVID-19-এর থেকে নতুন বা পরিবর্তিত কোন ঝুঁকির উৎপত্তি হচ্ছে কিনা তার মূল্যায়ন করা নিশ্চিত করুন, যেমন কাস্টমারদের আক্রমণ, কাজের উচ্চ চাহিদা বা বিচ্ছিন্ন থেকে কাজ করার ঝুঁকি।

আপনাকে অবশ্যই আপনার কর্মীদের সাথে কথা বলতে হবে। একসাথে আপনারা ঝুঁকিগুলো চিহ্নিত করতে পারবেন এবং কীভাবে সেগুলোর ব্যবস্থা করতে হবে তা ঠিক করতে পারবেন।

আসুন সবাই ক্ষুদ্র ব্যবসার পৃথিবী ঘুরিয়ে দেই। আরো তথ্যের জন্য - [safeworkaustralia.gov.au](https://safeworkaustralia.gov.au) ওয়েবসাইটটিতে যান।

### শারীরিক দূরত্ব

COVID-19-এর সম্মুখীন হবার ঝুঁকি বেড়ে যায় যখন অন্যান্যদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা হয়। যেখানে সম্ভব, শারীরিক দূরত্বের চর্চা করুন।

বিবেচনা করুনঃ

- কর্মক্ষেত্রের নকশা পুনঃপরিকল্পনা করা।
- মুখোমুখি নয় এমন মিটিং রাখা।
- সাধারণ জায়গাগুলোতে মানুষের সংখ্যা সীমিত রাখা।
- কাস্টমারদের সারি ও সংখ্যার ব্যবস্থা করা।

এবং যেখানে সম্ভব, অ্যাপয়েন্টমেন্টগুলোর মাঝে সময় রাখুন যেন শারীরিক সংযোগ সীমিত করা যায় এবং নিশ্চিত করুন কর্মীদের নিজেদের সরঞ্জাম ও যন্ত্রপাতি যেন থাকে।

COVID-19 সম্বন্ধীয় ইন্ডাস্ট্রি- নির্দিষ্ট দিকনির্দেশনা পেতে, [safeworkaustralia.gov.au](https://safeworkaustralia.gov.au) ওয়েবসাইটটিতে যান।

### আপনার কর্মক্ষেত্র পরিক্ষার করা

যখন কোন আক্রান্ত ব্যক্তি কাশেন বা হাঁচি দেন তার থেকে উৎপন্ন বিন্দু থেকে COVID-19-এর বিস্তার ঘটে।

যেসব পৃষ্ঠতলে জীবানু আছে সেগুলো স্পর্শ করে মানুষরা COVID-19 পেতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার কর্মক্ষেত্র ডিটারজেন্ট ও পানি দিয়ে অন্তত প্রতিদিন যাতে পরিক্ষার করা হয়।

যখন একটি পৃষ্ঠতল পরিক্ষার থাকে, আপনি তখন তা জীবানুমুক্ত করতে পারেন।

যেসমস্ত পৃষ্ঠতলগুলো ঘনঘন স্পর্শ করা হয় সেগুলোকে পরিক্ষার করায় অগ্রাধিকার দিন।

আপনার কর্মক্ষেত্রে যদি COVID-19-এর কোন কেইস থাকে, তবে আপনার কর্মক্ষেত্রে কে মানুষরা ফিরে আসার আগে পুঙ্খানুপুঙ্খভাবে পরিক্ষার ও জীবানুমুক্ত করতে হবে।

COVID-19 সম্বন্ধীয় ইন্ডাস্ট্রি- নির্দিষ্ট দিকনির্দেশনা পেতে, [safeworkaustralia.gov.au](https://safeworkaustralia.gov.au) ওয়েবসাইটটিতে যান।

### সেইফ ওয়ার্ক অস্ট্রেলিয়া COVID-19 (Safe Work Australia COVID-19) ওয়েবসাইট

ক্ষুদ্র ব্যবসাগুলোকে তাদের কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তার দায়িত্ব, ব্যবস্থা গ্রহণ, এবং COVID-19-এর থেকে উথিত ঝুঁকিগুলোকে বুঝতে সাহায্য করার জন্য সেইফ ওয়ার্ক অস্ট্রেলিয়া COVID-19 (Safe Work Australia) নতুন দিকনির্দেশনা তৈরি করেছে।



[safeworkaustralia.gov.au](https://safeworkaustralia.gov.au) -তে ঝুঁকির মূল্যায়ন, শারীরিক দূরত্ব, স্বাস্থ্য বিধি, ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম, মানসিক স্বাস্থ্য, এবং পরিষ্কার করা কীভাবে পরিচালনা করা যাবে সেসব বিষয়বস্তুর উপর তথ্য আছে।

কন্টেন্ট ফিল্টারিং টুল ব্যবহার করে আপনার ক্ষুদ্র ব্যবসা ও ইন্ডাস্ট্রির সাথে সম্পর্কিত তথ্য, এর সাথে সাথে বাস্তব সম্পদ, যেমন কর্মক্ষেত্রের চেকলিস্ট ও পোস্টার-এর তথ্য খুঁজে বের করুন।

আপনার ইন্ডাস্ট্রির জন্য নির্দিষ্ট দিকনির্দেশনা পেতে, [safeworkaustralia.gov.au](https://safeworkaustralia.gov.au) ওয়েবসাইটটিতে যান।